# সেইফটি কমিটি

সম্পর্কে বিস্তারিত

## সেইফটি কমিটি কি

সেইফটি কমিটি বলতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও শ্রমিক প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত একটি দল বা টিমকে বুঝায় যা নিরাপদ কর্মক্ষেত্র তৈরী ও তা রক্ষা করতে মালিক বা নিয়োগকর্তাকে সহায়তা করে। শ্রমআইন অনুসারে প্রতিটি কারখানা বা শিল্প প্রতিষ্ঠানে যেখানে ৫০ বা তারও অধিক শ্রমিক নিয়োজিত রয়েছে সেখানে সেইফটি কমিটি গঠন করার কথা থাকলেও এর চেয়ে কম শ্রমিক রয়েছে এরূপ ক্ষেত্রেও এ কমিটি গঠন করা যেতে পারে।



## কমিটির কাজ কি

সেইফটি কমিটির মূল ভূমিকা কর্মক্ষেত্রের নিরাপত্তা নিশ্চিতকরণে সহায়তা করা। প্রতিষ্ঠানের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নীতি ও পদ্ধতিসমূহের উন্নয়ন, বাস্তবায়ন ও পর্যবেক্ষণে এ কমিটি কাজ করবে। শ্রমিকদের প্রশিক্ষণে সহায়তা, শ্রমিকদের কাছ থেকে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কিত অভিযোগ গ্রহণ এবং সেগুলো অনুসন্ধান ও সমাধানে এ কমিটি সহায়তা করবে।

## কিভাবে কমিটি গঠিত হবে

কমিটির অর্ধেক সদস্য শ্রমিক পক্ষ থেকে মনোনীত এবং বাকী অর্ধেক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ থেকে মনোনীত হবে। কমিটির আকার কারখানার মোট শ্রমিকদের সংখ্যার ওপর নির্ভর করবে।

| মোট শ্রমিক | কামিটির সদস্য সংখ্যা |
|---|---|
| ৫০০ এর কম | ৬ |
| ৫০১ থেকে ১০০০ | ৮ |
| ১০০১ থেকে ৩০০০ | ১০ |
| ৩০০১ এবং এর অধিক | ১২ |

## কিভাবে শ্রমিক প্রতিনিধি মনোনীত হয়



কারখানাতে যৌথ দরকষাকষি প্রতিনিধি থাকলে তারা শ্রমিক পক্ষের প্রতিনিধি মনোনীত করবে। যদি যৌথ দর কষাকষি প্রতিনিধি না থাকে তবে অংশগ্রহণকারী কমিটির শ্রমিক প্রতিনিধিগণ সেইফটি কমিটিতে শ্রমিক পক্ষের প্রতিনিধি মনোনীত করবে।

## সেইফটি কমিটির সদস্যদের যোগ্যতা কি হবে

একটি আদর্শ সেইফটি কমিটির সদস্যদের পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য (OSH) সম্পর্কে দৃঢ় অঙ্গিকার, কারখানায় কাজের অভিজ্ঞতা, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার প্রশিক্ষণ এবং উত্তম যোগাযোগের দক্ষতা থাকতে হবে। যেক্ষেত্রে কোন কারখানার এক তৃতীয়াংশ শ্রমিক নারী সেক্ষেত্রে সেইফটি কমিটিতে মনোনীত প্রতিনিধিদের এক তৃতীয়াংশ নারী হতে হবে।

## কতদিন পর পর সভা অনুষ্ঠিত হবে

প্রতি তিন মাস অন্তর কমিটির সভা অনুষ্ঠিত হবে। প্রয়োজনে কোন সমস্যা নিয়ে আলোচনার ক্ষেত্রে স্বল্পসময়ের নোটিশেও সভা আয়োজন করা যেতে পারে।

## কমিটি কিভাবে আপনাকে সহায়তা করবে



আপনার কর্মক্ষেত্রে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিয়ে কোন অভিযোগ থাকলে তা সেইফটি কমিটির সদস্যদের সাথে আলোচনা করতে পারেন। কমিটি আপনার অভিযোগ পর্যালোচনা করে তা সমাধানে সহায়তা করবে এবং প্রয়োজনে ব্যবস্থাপনা কতৃপক্ষের সাথে আলোচনা করবে।

## উর্ধ্বতন কর্তৃপক্ষের সহায়তা

সেইফটি কমিটির কার্যক্রমে ব্যয়িত সময় কর্মঘন্টা হিসেবে বিবেচিত হবে এবং লক্ষ্য রাখতে হবে যেন শ্রমিকদের কোন আর্থিক ক্ষতি না হয়।

এই প্রকাশনাটি কানাডা, নেদারল্যান্ডস ও যুক্তরাজ্যের অর্থায়নে পরিচালিত আন্তর্জাতিক শ্রম সংস্থা (আই, এল, ও)- র
'তৈরী পোষাক শিল্পে কর্ম-পরিবেশ উন্নয়ন কর্মসুচী' কর্তৃক প্রকাশিত

Canada
Kingdom of the Netherlands
UKaid from the British people
International Labour Organization